

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১৪, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ১৩ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ/২৭ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : মোবাইল অপারেটরগণ কর্তৃক বিটিআরসি'কে দ্বিতীয় ও তৃতীয় প্রজন্মের (2G ও 3G) লাইসেন্স ব্যবহারের শর্ত অনুযায়ী প্রদত্ত রেভিনিউ শেয়ারিং এর বিপরীতে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।

নং ০১/মূসক/২০২১।—যেহেতু, মোবাইল অপারেটরগণ গ্রাহকদের নিকট হইতে যে সেবামূল্য আদায় করে তাহার উপর ১৫ শতাংশ হারে মূসক পরিশোধের পর প্রাপ্ত নীট অর্থ হইতে রেভিনিউ শেয়ারিং হিসাবে ৫.৫ শতাংশ অর্থ দ্বিতীয় ও তৃতীয় প্রজন্মের (2G ও 3G) লাইসেন্স ব্যবহারের শর্ত অনুযায়ী বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি) কে প্রদান করিয়া থাকে; এবং

যেহেতু, রেভিনিউ শেয়ারিং হিসাবে পরিশোধযোগ্য রাজস্বের উপর উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২০ এর বিধি ৩ এর উপ-বিধি (৫) অনুযায়ী বিটিআরসি কর্তৃক ১৫ শতাংশ হারে মূল্য সংযোজন কর উৎসে আদায়/কর্তনের বাধ্যবাধকতা রহিয়াছে এবং এই ক্ষেত্রে দ্বৈত মূল্য সংযোজন কর আরোপিত হইয়া যায়;

সেহেতু, দ্বৈত মূল্য সংযোজন কর পরিহার করিবার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ

(৫২৭১)

মূল্য : টাকা ৪.০০

প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরী কমিশন (বিটিআরসি) কে দ্বিতীয় ও তৃতীয় খণ্ডের (2G ও 3G) লাইসেন্স ব্যবহারের শর্ত অনুযায়ী রেভিনিউ শেয়ারিং হিসাবে মোবাইল অপারেটর কর্তৃক প্রদেয় রাজস্ব হইতে উৎসে মূল্য সংযোজন কর কর্তন/আদায় থেকে অব্যাহতি প্রদান করিল।

২। এই আদেশ ০১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দীন
প্রথম সচিব (মূসক নীতি)।